-১-

ঢাকা ওয়াসা

০১) ২০২৫-২০২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
০২) ২০২৫-২০২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০৩) খসড়া নক্সা।
০৪) পূর্ব অনুমোদিত দরের কপি।
০৫) ক্যালকুলেশন।
০৬) প্রাক্কলন।

বিষয়ঃ **Repair and Maintenance of Chlorine room at Different Water Pump station under SOC Division (Lot-03)** কাজের অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ । ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৩১ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিষ্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিষ্টেম স্থাপন করা আছে। ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম স্থাপনের জন্য ক্লোরিন রুমের প্রয়োজন হয়। বিভিন্ন মডস্ জোন সমূহের আওতাধীন বেশ কিছু পাম্পের রুম বহু পুরাতন হওয়ায় ছাদ চুয়ে চুয়ে পানি পড়ে। ফলে পলেস্তরা খসে পড়ছে এবং দরজা জানালা ভেন্টিলেটর ভেঙ্গে যাওয়ায় ব্যবহার অনুপযোগী ও জরাজীর্ণ অবস্থায় আছে। এতে ক্লোরিন লিকেজ সংঘটিত হলে আশেপাশের আবাসিক এলাকায় ছড়িয়ে পড়ার আশংকা রয়েছে। উক্ত রুমে ক্লোরিন পাম্প মোটর, সিলিন্ডার ইত্যাদি স্থাপন নিরাপদে রাখার নিমিত্তে ভেন্টিলেশন সিস্টেম এর জন্য এগজস্ট ফ্যান স্থাপন, দরজা মেরামত কাজ, প্লাস্টারিং, রং করণ ইত্যাদি রক্ষণাবেক্ষণ কাজ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। ক্লোরিন রুমগুলি মেরামত করে ঝুঁকি এড়ানো সম্ভব। এই রকম ৭ টি পাম্প স্টেশনে ক্লোরিন রুমের প্রয়োজনীয় মেরামত কাজ করা হলে পাম্পে ক্লোরিন সিস্টেম নিরাপদ ও সচল রাখা সম্ভব। সেই লক্ষ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পাদনের নিমিত্তে PWD Rate Schedule 2022 এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং- ০৬ দ্রঃ)। যাতে টাকার অংক এসেছে টাঃ ৪,৯৭,১৫৫.১৮৫/= (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার এক শত পঞ্চান্ন দশমিক এক আট পাঁচ টাকা) মাএ। উল্লেখ্য, যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এস. এম. ডব্লিউ. সি সার্কেল) মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

০২। আলোচ্য কাজটি অএ বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় " অফিস বিল্ডিং মেইনটেন্যান্স " ০১-০৪-০০৭ খাত হতে নির্বাহ করা যেতে পারে (ক্রঃ নং- ০১) এবং কাজটি এস ও সি বিভাগের ২০২৫-২০২৬ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃনং- (40 এর Package No- WOBM-4) এ অন্তর্ভূক্ত রয়েছে। (ক্রঃ নং-০২)।

০৩। এমতাবস্থায়, Repair and maintenance of Chlorine room at Different Water Pump station under SOC Division (Lot-03) কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪,৯৭,১৫৫.১৮৫/= (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার এক শত পঞ্চান্ন দশমিক এক আট পাঁচ টাকা) মাএ। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 ধারা (৩২) এবং PPR-2025 এর বিধি ৮০(১) মোতাবেক সীমিত দরপএ পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হলো।

A/E

14/12/25
মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

Rukn.
14/12/25
রুখছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

E/E
21.12.25
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

SE (SMWC)
22/12/25
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

০৪। Repair and maintenance of Chlorine room এ ভিন্ন সময়ে এতগুলো লট না করে একটি লটে OTM এ দরপত্র আহবান করলে কি সমস্যা হত?

C/E

SE, SMWC Cir
24/12/25

EE/SOC
28/12/25

০৫। অনুচ্ছেদ নং ০৪ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার আওতাধীন এসওসি বিভাগের মাধ্যমে ১০ (দশ) টি মডস জোনে স্থাপিত ক্লোরিন সেটসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়। এছাড়াও গভীর নলকূপের কম্পাউন্ডে অবস্থিত ক্লোরিন রুমসমূহের রক্ষণাবেক্ষণ কার্যক্রম অত্র বিভাগের দায়িত্বাধীন। উক্ত কার্যক্রম সারা বছরব্যাপী অব্যাহত থাকে। এ লক্ষ্যে জোনের চাহিদা অনুযায়ী সারা বছর দ্রুততম সময়ে ক্লোরিন রুমসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদনের সুবিধার্থে কাজগুলোকে একাধিক লটে বিভক্ত করা হয়েছে। এছাড়াও, আলোচ্য মেরামত কার্যক্রম ঢাকা ওয়াসা কর্তৃক নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের জন্য LTM পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে, যার ফলে স্বল্পতম সময়ে ঠিকাদার নির্বাচন করা সম্ভব হয়।

০৬। এমতাবস্থায়, Repair and maintenance of Chlorine room at Different Water Pump station under SOC Division (**Lot-03**) কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪,৯৭,১৫৫.১৮৫/= (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার এক শত পঞ্চান্ন দশমিক এক আট পাঁচ টাকা) মাত্র। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 ধারা (৩২) এবং PPR-2025 এর বিধি ৮০(১) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হলো।

04/01/26
মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

A.E
Rukh.
04/01/26
রুখছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

E/E
04-01-2026
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

SE (SMWC)
05/01/26
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

C/E

০৭। প্রস্তাব অনুমোদিত,

SE, SMWC Cir

05/01/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা